

রাবিতে নিয়োগে অনিয়ম তদন্তের দাবিতে বিক্ষোভ

রাবি সংবাদদাতা ॥ উপ-উপাচার্যের জামাতাকে শিক্ষক নিয়োগ, নিয়োগে দুর্নীতি ও অনিয়মের তদন্ত এবং প্রশাসনের পদত্যাগ দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বিক্ষোভ মিছিল ও সমাবেশ পালিত হয়েছে। পূজার ছুটির পর বুধবার বেলা ১১টা থেকে পূর্বঘোষিত প্রথক দুটি কর্মসূচী পালন করেন শিক্ষক ও শিক্ষার্থীরা। বর্তমান প্রশাসনকে ‘স্বাধীনতাবিরোধী ও দুর্নীতিবাজ’ আখ্যা দিয়ে ‘দুর্নীতিবিরোধী শিক্ষক সমাজ’র ব্যানারে বেলা ১১টার দিকে শিক্ষকরা মৌন মিছিল করেন। এ সময় তাদের হাতে নিয়োগে অনিয়ম ও দুর্নীতি প্রসঙ্গে প্রতিবাদ এবং তদন্তের দাবি সম্বলিত প্ল্যাকার্ড দেখা যায়। পরে বিশ্ববিদ্যালয়ের তাজউদ্দীন আহমদ সিনেট ভবনের সামনে সমাবেশে মিলিত হন তারা। এদিকে একই সময় ‘সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে রাজশাহী বিশ্ববিদ্যালয়’র ব্যানারে কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে মানববন্ধন পালন করে শিক্ষার্থীরা। মানববন্ধন শেষে আবরার হত্যার বিচার ও বর্তমান প্রশাসনের দুর্নীতির তদন্ত দাবিতে বিক্ষোভ মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী।

মানববন্ধনে বক্তৃরা বলেন, আমরা চাই না এই বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষার্থীর জন্য টর্চার ও প্রশাসনিক দুর্নীতির আঢ়া হোক। বর্তমান প্রশাসনের বিরুদ্ধে দুর্নীতির অনেক অভিযোগ।

সম্প্রতি ফোনালাপ ফাঁসের পর থেকে এসব অভিযোগ জোরালো যুক্তিতে পরিণত হয়। আমাদের দাবি এই অভিযোগগুলোর তদন্ত হোক। প্রসঙ্গত, গত ৩০ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য চৌধুরী মোঃ জাকারিয়ার সঙ্গে আইন বিভাগের এক চাকরি প্রত্যাশীর স্তৰের দর-কষাকষির ফোনালাপ ফাঁস হয়। এতে উপ-উপাচার্যের জামাতা ও এক আওয়ামী লীগ নেতার মেয়ে নিয়োগ পেলেও প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাওয়া নুরুল হুদা নামের ওই চাকরি প্রত্যাশীর নিয়োগ হয়নি। তবে অভিযোগ অস্বীকার করে নিয়োগে আইন বিভাগের সভাপতি জড়িত বলে উপ-উপাচার্য পাল্টা অভিযোগ করেন।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক ফোব জনকর্ত্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে ফোব প্রিন্সেস লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ. ৭৯৬।

কার্যালয়: জনকর্ত্ত ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন,
জিপিও বাত্ত্ব: ৩০৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চেট্টগ্রাম): মাঝান ভবন (দোতলা),

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকর্ত্ত: www.edailyjanakantha.com

১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by dailyjanakantha.com
